# মৌলিক কর্মসূচির সমন্বয় সভা (CPCM) ।

তারিখ ঃ ১৩ এবং ১৪ ই আগস্ট"২১ ইং তারিখ মৌলিক কর্মসুচী সমন্বয় সভা অনুস্ঠিত হয় ।
স্থান ঃ বরিশাল ব্যবস্থাপনা প্রশিক্ষন কেন্দ্র ।
সভাপতি ঃ তারিক সাঈদ হারুন, পরিচালক -মৌলিক কর্মসূচি
সচিব ঃ মো ঃ আব্দুর রব-আঞ্চলিক কর্মসূচি সমন্বয়কারী,বরিশাল অঞ্চল ।

**অংশগ্রহণকারী ঃ** সংস্থার সকল অঞ্চলের আরপিসি, তারিক সাঈদ হারুন, পরিচালক-মৌলিক কর্মসুচী, মাহমুদুল হাসান দিদার-সহকারী পরিচালক প্রধান কোর অপারেশন , আবদুর রহমান ফরিদ-প্রধান - কোর অপারেশন, উর্দ্ধতন সমন্বয়কারী মোঃ ফিরোজ আলম, মিজানুর রহমান ও তৌহিদুল ইসলাম ।

সভার শুরুতে সভাপতি সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রথমেই সকলের মতামতের ভিত্তিতে সভার আলোচ্য বিষয় সমূহ নির্ধারণ করা হয়। সভায় নিম্নোক্ত বিষয়গুলো নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম নং | আলোচ্য বিষয় সমূহ | আলোচনা ও সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়ন কারী | তারিখ |
|---|---|---|---|---|
| ০১ | Previous Meeting Minutes Review | সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। যে সকল শাখার লক্ষ্য মাত্রা অর্জন করতে সক্ষম হয়েছে তাদেরকে ধন্যবাদ জানানো হয় এবং অসমাপ্ত কাজ গুলোর সমাধানের প্রক্রিয়া নিয়ে সকলের সাথে আলোচনা করা হয় ।<br>এলাকা ব্যবস্থাপক এবং আঞ্চলিক ব্যবস্থাপক শাখা পরিদর্শন/নীরিক্ষাকালীণ সময়ে একই শাখা বারবার পরিদর্শণ না করে পর্যায়ক্রমে সকল শাখায় পরিদর্শণ/নীরিক্ষা করার জন্য বলা হলো। | সংশ্লিষ্ট সকল | চলমান |
| ০২ | MF Presentation | ০১লা আগস্ট থেকে ১২ আগস্ট"২১ইং তারিখ পর্যন্ত ৬ টি অঞ্চলের ক্ষুদ্রঋন পর্যলোচনা করে দেখা যায় যে প্রতিটি অঞ্চলেই কম বেশি ভুল রিপোট প্রদান করেছে। যার কারনে ক্ষুদ্রঋনের সঠিক মনিটরিং ব্যবস্থা ব্যাহত হয়েছে, যেমন প্রতি দিনের দৈনিক প্রতিবেদন Saftower এর সাথে মিলিয়ে না দেওয়ার ফলে এ ধরনের সমস্যা হয়েছে। তাই এখন থেকে কোন ভাবেই Saftower না দেখে রিপোট দেওয়া যাবে না। আর যখনই কোন রিপোট করবে তখন শাখার তথ্য উপাত্ত মিলিয়ে রিপোট করবেন । | সংশ্লিষ্ট সকল | চলমান |
| ০৩ | ME | গত এক বছরে এমই খাতে ঋন স্থিতি পুর্বের তুলানায় প্রায় ১২% কমে গিয়েছে যাহা কর্মসুচি পরিচালনা বড় ধরনের হুমকির সম্ভবনা রয়েছে । উক্ত খাতে ঋন বিতরনের জন্য সকলের আন্তরিক হওয়ার জন্য সিদ্ধান্ত গৃহিত হয় । তা ছাড়া অগ্রসর এমডিপি ঋনের আওতায় করোনা কালীন সময়ে যে সকল উদ্যোক্তা আর্থিক ভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে তাদের জন্য এমডিপি নামে ইতি মধ্যে ফান্ড গ্রহন করা হয়েছে । এমডিপি খাতে চলতি মাস থেকে মাসে বিতরন শুরু করার জন্য বলা হলো। উলেখ্য যে উক্ত ঋনটি ৫০০০০ এর তদুর্দ্ধ অগ্রসর ঋনের আওতায় বিতরন করা যাবে । | সংশ্লিষ্ট সকল | চলমান |
| ৪ | CITEP | উর্দ্ধতন সমন্বয়কারী মিজান ভাই সাইটেপ কার্যক্রমের সর্ম্পকে আপডেট করেন। তিনি বলেন এখন আমাদের প্রত্যেক অঞ্চলে সাইটেপ এর র্কমী আছে যাদের মাধ্যমে সদস্যগন তাদের পশু-পাখি এবং কৃষি বিষয়ে সেবা পেয়ে থাকে । পাশাপাশি করোনাকালীন লকডাউনের ক্লান্তিকালে সাইটেপ এর সকল কর্মীকে সংশ্লিস্ট আরপিসিদের সাথে সমন্বয় করে ক্ষুদ্রঋনে সাপোর্ট দেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহিত হয় । | সংশ্লিষ্ট সকল | চলমান |
| ০৫ | MF Package | ইতি মধ্যে সংস্থার পক্ষ থেকে মাসিক কিস্তির Package চালু করার একটি সম্ভাব্য পরিকল্পনা গ্রহন করা হয়েছ। সে ক্ষেত্রে নোয়াখালী অঞ্চলের বিভিন্ন সংস্থার ৯০ টি শাখা পর্যালোচনা করে দেখা যাচ্ছে যে ৩৫% স্বাপ্তাহিক এবং ৬৫% মাসিক কিস্তিতে কার্যক্রম চালু রয়েছে। এরই মধ্যে আবার ১৮ টি শাখা রয়েছে যাহারা ১০০% মাসিক কিস্তি হিসাবে পরিচালনা করছেন । তাই কোস্ট ফাউন্ডেশন উল্লেখ্য সংস্থাগুলো থেকে অভিজ্ঞতা নিয়ে এমই ঋনের সিলিং এবং গ্রাহকের ধরন বিবেচনা করে মাসিক কিস্তির নীতিমালা প্রনয়ন করা যায় কিনা তা চিন্তা পরবর্তীতে সিদ্ধান্ত নিবেন। | সংশ্লিষ্ট সকল | চলমান |
| ০৬ | New Branch | গত জুন' ২১ ইং মাসে ভোলা ব্যবস্থাপনা প্রশিক্ষন কেন্দ্রে নতুন ভাবে ০৮ শাখা করার | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সিদ্ধান্ত নেওয়া হয়েছিল কিন্তু করোনা লকডাউনের কারনে বিষয়টি বাস্তবায়ন করা সম্ভব হয়নি। ফান্ড স্বল্পতা সমাধান হলে দ্রুত নতুন শাখার কার্যক্রম শুরু করা সিদ্ধান্ত গ্রহীত হয়। পাশাপাশি অন্যান্য যে সকল অঞ্চলে নতুন শাখা করার পরিকল্পনা গ্রহন করা হয়েছিল সে সকল অঞ্চলের সংশ্লিষ্ট আরপিসিদের প্রস্তুতি নেওয়ার জন্য বলা হয় । | সংশ্লিষ্ট সকল | চলমান |
| ০৭ | Savings Increased | - গত ফেব্রুয়ারী/২১ইং থেকে নতুন নিরাপত্তা সঞ্চয় (এফডিআর) কার্যক্রম চালু করা হলেও অদ্যবদি শাখা গুলো থেকে  আশানুরুপ ফলাফল পাওয়া যাচ্ছে না যাহা সংস্থার লক্ষমাত্রা অর্জনে বাধাগ্রস্ত হচ্ছে।<br>- চলতি মাস থেকে প্রত্যেক শাখায় কমপক্ষে ৫ লক্ষ টাকা করে এফডি আর করার জন্য সিদ্ধান্ত হয় ।<br>- বর্তমান মাস থেকে সকল সদস্যের কাছ থেকে নিয়মিতভাবে সঞ্চয় আদায় করার জন্য বলা হলো।<br>- পুর্বের ডিপিএস নিয়মিতকরণ সহ নতুন করে সদস্যদের ডিপিএস এর আওতায় আনার জন্য সবার সন্মতিক্রমে সিদ্ধান্ত হয়।<br><br>**সঞ্চয় বৃদ্ধির ফলে সংস্থার ফলাফল নিন্মরুপ;**<br>-সঞ্চয় বৃদ্ধির ফলে বর্তমান ফান্ড সমস্যা সমাধান করা যাবে।<br>-Cost of Fund কমে আসবে ।<br>-Surplus বৃদ্ধি পাবে।<br>-ডোনারের উপর নির্ভরশীলতা কমে আসবে । | সংশ্লিষ্ট সকল | চলমান |
| ০৮ | Visit Findings | বরিশাল, নোয়াখালী এবং ভোলা অঞ্চলের কিছু শাখা ইতি মধ্যে অপারেশনাল বিভাগ থেকে পরিদর্শন করে যে সকল অপ্রত্যাশিত Findings গুলো পাওয়া গিয়েছে তা অত্যন্ত দু:খ জনক বলে আখ্যায়িত করেছে। তাই আগামি দিন গুলোতে যাহাতে এ ধরনের আপত্তিকর বিষয় সমুহ পুনরাবৃত্তি না হয় সে জন্য সকলকে সতর্কতার সাথে কাজ করার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হয় । | সংশ্লিষ্ট সকল | চলমান |
| ০৯ | 15 August | আগামী ১৫ ই আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে সকাল ১১-১ টা পর্যন্ত জুম এর মাধ্যমে নির্বহী পরিচালকের সভাপতিত্বে সংস্থার সকল পর্যায়ের সহকমীদের সমন্বয়ে স্বরন সভ অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সকলকে সঠিক সময়ে মিটিং লিংকে যুক্ত হওয়ার জন্য অনুরোধ করা হলো । | | |
| ১০ | Internal Audit | - অডিট রির্পোটে প্রাপ্ত সমস্যা সম্পর্কে ভালো ভাবে বুঝে স্বাক্ষর করতে হবে।<br>- কোন বিষয় আপত্তি থাকলে উক্ত বিষয়ের উপর আপত্তি আছে লিখে স্বাক্ষর করতে হবে যাতে পরবর্তি শুনানিতেঐ বিষয় সম্পর্কে আলোচনা করা যায় ।<br>- শাখা অডিটের সাথে সাথে ৪৮ ঘন্টার মধ্যে অডিট ফিডব্যাক রির্পোট দিতে হবে।<br>- অভ্যন্তরীন অডিটে অমিমাংশিত বিষয়গুলো শাখায় অডিট মিটিংয়ের আগেই সমাধান করতে হবে।<br>- কোন অমিমাংশিত বিষয় রাখা যাবেনা<br>- শাখায় কোন কমীর ৩০০০ টাকা বেশি আত্মসাত পাওয়া গেলে এএমকে অডিট শুনানিতে যেতে হবে। | সংশ্লিষ্ট সকল | চলমান |
| ১১ | Miss Appropriation | কমী আত্নসাৎ এর বিষয়ে সকলকে বিশেষ ভাবে সতর্ক হওয়ার জন্য অনুরোধ করা হয়েছ। সে লক্ষ্যে বিএম, এএম, আরপিসি প্রতিদিন কমপক্ষে ১টি সমিতি ১০০ % পাশ বই যাচাই নিশ্চিত করে পরিদর্শণ করতে হবে।<br>সমিতি পরিদর্শনকালীন সময়ে নিন্মোক্ত বিষয়গুলো গুরুত্ব সহকারে দেখার জন্য বলা হলো<br>০১. কমী সদস্যার টাকা হাতে রাখার প্রবনতা আছে কিনা<br>০২. পুর্ন পরিশোধের সময় সদস্যার কাছ থেকে দেনার চেয়ে বেশি টাকা আনে কিনা<br>০৩. পাশ বই লিখা ছাড়া কোন টাকা আদায় করে কিনা<br>০৪. সদস্যাকে না জানিয়ে কোন উত্তোলন দেয় কিনা | সংশ্লিষ্ট সকল | চলমান |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ০৫.সদস্যার ঋন থেকে ধার হিসাবে কোন টাকা গ্রহন করে কিনা ইত্যাদি। | | |
| ১২ | Fund | আগামী সেপ্টেম্বর"২১ ইং তারিখের পুর্বে এবং External audit report submit না হওয়া পর্যন্ত কোথাও হতে ফান্ড পাওয়ার সম্ভবনা কম। তাই সকলে যার যার অবস্থান থেকে সদস্যদের সঞ্চয় আদায়ের জন্য চেষ্টা করতে হবে । উক্ত সময়ের জন্য নিজেদের ফান্ড নিজেদেও ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকল | চলমান |
| ১৩. | Software With IT | - বর্তমান মাসে এআইএস এবং এমআইএস গড়মিল থাকলে সমাধান করে সাধারন খতিয়ান পুষ্টিং দিতে হবে ।<br>- যে সকল শাখায় এমআইএস এবং এআইএস গড়মিল আছে তাদেরকে আদায় সীট চেক করে সদস্য চিহ্নিত করে প্রধান কার্যালয়ে অবহিত করার জন্য বলা হলো।<br>- সদস্য স্থিতি মিলকরন করা না হলে গড়মিল সমাধান করা যাবে না ।<br>উল্লেখিত বিষয়গুলো জুলাই/২১ইং ক্লোজিং করার আগে সমাধান করার সিদ্ধান্ত হয়। পাশাপাশি প্রতিজন আইটি প্রতি রিজনে মাসে কমপক্ষে ৭ দিন থাকার জন্য সিদ্ধান্ত হয় । | সংশ্লিষ্ট সকল | চলমান |
| ১৪. | ENRICH | ENRICH এর যে পরিমান দায় রয়েছে সেই পরিমান টাকা মাঠ পর্যায়ে বিতরন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। এ ব্যপারে প্রকল্প সমন্বয়কারীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। উক্ত প্রকল্পে আরপিসির তদারকি ও সহায়তা বৃদ্ধির জন্য বলা হলো। | সংশ্লিষ্ট সকল | চলমান |
| ১৫. | Mobile SMS | - সমিতি পর্যায়ে উন্নয়ন শিক্ষার লেসন হিসেবে মোবাইল SMS সর্ম্পকে আলোচনা করতে হবে ।<br>- প্রতিদিন সমিতি পর্যায়ে কতজন সদস্য এসএমএস পেয়েছেন তার তথ্য নিতে হবে।<br>- যে সকল সদস্যের কাছে মোবাইল এসএমএম যায়নি তাদের মোবাইল নম্বর সংগ্রহ করে নতুন ভাবে আপডেট করতে হবে ।<br>- আগামী জানু/২১ মাসের মধ্যে সকল সদস্যদের মোবাইলে যাতে এসএমএস যায় তা নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট সকল | চলমান |
| ১৬. | JS | সকল শাখায় জন সংগঠনের মিটিং করতে হবে এবং প্রতি মাসে এক পাতার একটা প্রতিবেদন তৈরী করে প্রধান কার্যালয়ে পাঠানোর সিদ্ধান্ত হয়। | সংশ্লিষ্ট সকল | চলমান |
| ১৭. | AoB | সভাপতি উপস্থিত সবাইকে গৃহীত সিদ্ধান্ত সমুহ বাস্তবায়ন করার জন্য অনুরোধ করেন এবং আর কোন আলোচনা না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষনা করেন। | | |

সভাপতি

তারিক সাইদ হারুন
পরিচালক
মৌলিক কর্মসূচী ।

সচিব

আব্দুর রব
আঞ্চলিক কর্মসূচী সমন্বয়কারী
ভোলা অঞ্চল ।